# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৬৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ (১৯) অধ্যায়: নাপাকী ও তার পবিত্রকরণ - মুসলিম ব্যক্তি জুনুবী হোক অথবা না হোক তাকে নাপাক হিসেবে অভিহিত করা যাবে না, যদি সে অল্প পানিতে নামে, এতে সেই পানি নাপাক হয়ে যায় না

19 ـ بَابُ النَّجَاسَةِ وَتَطْهِيرِهَا (ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْمُسْلِمَ إِذَا كَانَ جُنُبًا أَوْ غَيْرَ جُنُبٍ لَا يَجُوزُ أَنْ يُطلق عَلَيْهِ اسْمُ النَّجَاسَةِ وَإِنْ وَقَعَ فِي الْمَاءِ الْقَلِيلِ لَمْ يُنجسه)

আরবী

1366 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ حَدَّثَنَا مِسْعَرٌ حَدَّثَنِي وَاصِلٌ عَنْ أَبِي وَائِلٍ: عَنْ حُذَيْفَةَ قَالَ: لَقِيَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا جُنُب فَأَهْوَى إِلَيَّ فَقُلْتُ: إِنِّي جُنُب فقال: (إن المسلم لا يَنْجَسْ)

الراوي : حُذَيْفَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1366 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৬৬. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “জুনুবী অবস্থায় আমার সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাক্ষাৎ হয়, তিনি আমার দিকে এগিয়ে আসছেন দেখে আমি বললাম, “আমি জুনুবী।” তখন তিনি বলেন, “নিশ্চয়ই মু'মিন ব্যক্তি নাপাক হয় না।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ২৩০; আবূ আওয়ানা: ১/২৭৫; নাসাঈ: ১/১৪৫; ইবনু মাজাহ: ৫৩৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৩; সহীহ মুসলিম: ৩৭২; মুসনাদ আহমাদ: ৫/৪০২; ইবনু মাজাহ: ৫৩৫; সুনান বাইহাকী: ১/১৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৫৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের সহীহ বলেছেন।
আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাঊদ: ২২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90680

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন